# ৪৫ তম বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন

হুমায়রা সিদ্দিকা হুমাসা-Humaira Siddika Humasha

ড. আবু বকর সিদ্দিক-Dr. Abu Bakkar Siddiq

ড. সিদ্দিক পাবলিকেশন্স লেখক, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য-জ্ঞান ভান্ডার

## বিষয়- হিসাববিজ্ঞান

## বিষয় কোড-৭০১

সময়- ৪ ঘন্টা [ডান দিকের সংখ্যা সংশিষ্ট প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক] পূর্ণমান-২০০

### ক বিভাগ

মান ২৫ × ৮ = ১০০

১। 'হিসাববিজ্ঞান ব্যবস্থাপনার সহায়ক"—আলোচনা করুন। ৫

সর্বজনস্বীকৃত হিসাববিজ্ঞান নীতিমালার বৈশিষ্ট্য আলোচনা করুন। ৫

মালিকানা স্বত্বের প্রভাব বিস্তারকারী উপাদানসমূহ উল্লেখ করুন। ৫

দু'তরফা দাখিলা পদ্ধতির মূলনীতিগুলো কী? ৫

হিসাবচক্রের ধাপসমূহ বর্ণনা করুন। ৫

২। (ক) ২০২০ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে নিম্নলিখিত লেনদেন হতে সমন্বয় এবং বিপরীত দাখিলাসমূহ তৈরি করুন : ১৫

(i) সেবা প্রদান করা হয়েছে কিন্তু বিল করা হয়নি ১,০০০ টাকা।

(ii) উপার্জিত আয় বকেয়া ৩,০০০ টাকা।

(iii) অফিস সাপ্লাইস ব্যবহৃত হয়েছে ৬,০০০ টাকা।

(iv) ডিসেম্বর ১ তারিখে ২ মাসের ভাড়া প্রদান করা হয়েছে—প্রতি মাসের ভাড়া ১,০০০ টাকা।

(v) অনুপার্জিত আয় অর্জিত হয়েছে ৭০০ টাকা।

(vi) সুদ আয় বকেয়া রয়েছে ৬০০ টাকা।

(vii) ডিসেম্বর মাসের যন্ত্রপাতির অবচয় ১,০০০ টাকা।

(viii) সুদ বকেয়া ডিসেম্বর ৩১, ৪০০ টাকা।

(ix) মালিকের ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৩,২০০ টাকা।

(x) খরিদ্দারদের মধ্যে বিনামূল্যে পণ্য বিতরণ ৬০০ টাকা।

(খ) কার্যপত্র এবং উদ্বর্তপত্র এর মধ্যে পার্থক্য আলোচনা করুন। ৫

(গ) সমাপনী জাবেদা ও সমন্বয় জাবেদাসমূহ এর পার্থক্য কী? উদাহরণ দিন। ৫

৩। (ক) ২০১৯ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে একটি কারবার এর রেওয়ামিল নিম্নরূপ :

রেওয়ামিল

৩১ শে ডিসেম্বর, ২০১৯

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ১,৯৫,৫০০ | |
| দেনাদার | ৩০,৭০০ | |
| প্রারম্ভিক মজুত | ৪৪,৭০০ | |
| স্টোরস সাপ্লাইস | ৬,২০০ | |
| যন্ত্রপাতি | ১,৩৩,০০০ | |
| ব্যাংক জমা | ৪,৪০০ | |
| পুঞ্জিভূত অবচয় | | ২৮,০০০ |

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রদেয় নোট | | ৫১,০০০ |
| পাওনাদার | | ৪৮,৫০০ |
| মূলধন | | ২,১০,০০০ |
| উত্তোলন | ১২,০০০ | |
| বিক্রয় | | ৭,৫৫,২০০ |
| বিক্রয় ফেরত | ৪,৪০০ | |
| পণ্য ক্রয় | ৪,৯৭,৪০০ | |
| বেতন খরচ | ১,৪০,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ২৪,৪০০ | |
| | ১০,৯২,৭০০ | ১০,৯২,৭০০ |

**সমন্বয়সমূহ :**

*(i)* সমাপনী মজুত পণ্য ডিসেম্বর ২০১৯, ২০,০০০ টাকা।
*(ii)* যন্ত্রপাতির অবচয়—৯,০০০ টাকা।
*(iii)* প্রদেয় নোট এর বকেয়া সুদ ৪০০ টাকা।
*(iv)* স্টোর সাপ্লাইজ ৩১ শে ডিসেম্বর ২০১৯, ২,৫০০ টাকা।

প্রয়োজন : ১০ ঘরা কার্যপত্র এবং সমাপনী দাখিলাসমূহ তৈরি করুন। ৫

(খ) বহু ধাপবিশিষ্ট আয় বিবরণী ও এক ধাপবিশিষ্ট আয় বিবরণীর পার্থক্য ব্যাখ্যা করুন। ৫

(গ) ব্যাংক সমন্বয় বিবরণী কেন করা হয়? উহা তৈরির পদ্ধতি বিবৃত করুন। ৫

৪। (ক) "অবচয় সম্পত্তি মূল্যায়ন এর প্রক্রিয়া নয়" উপযুক্ত উদাহরণসহ বর্ণনা করুন। ৫

(খ) একটি কোম্পানির ৩১ শে ডিসেম্বর তারিখে দুই বছরের তুলনামূলক উদ্বর্তপত্র নিম্নরূপ :

| | ৩১-১২-২০২২ (টাকা) | ৩১-১২-২০২১ (টাকা) |
|---|---|---|
| নগদ | ৬,০০০ | ৭,০০০ |
| প্রাপ্য হিসাব | ৬২,০০০ | ৫১,০০০ |
| স্বল্পমেয়াদি ঋণপত্র | ৩৫,০০০ | ১৮,০০০ |
| মজুত পণ্য | ৪০,০০০ | ৬০,০০০ |
| অগ্রিম ভাড়া | ৫,০০০ | ৪,০০০ |
| সরঞ্জাম | ১,৫৪,০০০ | ১,৩০,০০০ |
| কপিরাইট | ৪৬,০০০ | ৫০,০০০ |
| মোট সম্পত্তি | ৩,৪৮,০০০ | ৩,২০,০০০ |
| **দায় ও মূলধন :** | | |
| প্রদেয় হিসাব | ৪৬,০০০ | ৪০,০০০ |
| প্রদেয় আয়কর | ৪,০০০ | ৬,০০০ |
| প্রদেয় বেতন ও মজুরি | ৮,০০০ | ৪,০০০ |
| দীর্ঘমেয়াদি ঋণ | ৬০,০০০ | ৬৯,০০০ |
| স্বল্পমেয়াদি ঋণ | ৮,০০০ | ১০,০০০ |
| সাধারণ শেয়ার মূলধন (প্রতি শেয়ার মূল্য ১০ টাকা) | ১,৩০,০০০ | ১,৩০,০০০ |
| সংরক্ষিত মুনাফা | ৫৭,০০০ | ৩৬,০০০ |
| পুঞ্জীভূত অবচয় | ৩৫,০০০ | ২৫,০০০ |
| | ৩,৪৮,০০০ | ৩,২০,০০০ |

আয় বিবরণী ২০২২ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| | | |
|---|---|---|
| | | টাকা |
| বিক্রয় | | ৩,৩৮,১৫০ |
| বিক্রীত পণ্যের ব্যয় | | ১,৭৫,০০০ |
| মোট লাভ | | ১,৬৩,১৫০ |
| পরিচালন ব্যয় | | ১,২০,০০০ |
| পরিচালন আয় | | ৪৩,১৫০ |
| সুদ ব্যয় | ১১,৪০০ | |
| সরঞ্জাম বিক্রী লাভ | (২,০০০) | ৯,৪০০ |
| কর পূর্ববর্তী আয় | | ৩৩,৭৫০ |
| আয়কর | | ৬,৭৫০ |
| নীট লাভ | | ২৭,০০০ |

**অতিরিক্ত তথ্যাদি:**

*(i)* ২০২২ সালে ৬,০০০ টাকা লভ্যাংশ পরিশোধিত হয়েছে।

*(ii)* অবচয় ও অবলোপন ব্যয় পরিচালনা ব্যয় এর মধ্যে অন্তর্ভুক্ত আছে।

*(iii)* বিনিয়োগ এর উপর কোনো লাভ অর্জিত হয়নি।

*(iv)* ৭০% অবচয় চার্জ করা অবস্থায় ২০,০০০ টাকার সরঞ্জাম ২০২২ সালে বিক্রয় করা হয়েছে।।

**প্রয়োজন:** ২০২২ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে নগদ প্রবাহ বিবরণী তৈরি করুন।

(গ) নগদ প্রবাহ বিবরণী কেন প্রস্তুত করা হয়? উহা তৈরির পদ্ধতিসমূহ ব্যাখ্যা করুন।

## খ বিভাগ

## উৎপাদন ব্যয় হিসাব

(সকল প্রশ্নের উত্তর দিতে হবে)

মান—২৫×২=৫০

৫। (ক) ব্যয় কেন্দ্র ও মুনাফা কেন্দ্র এর পার্থক্য কী?

(খ) উৎপাদন ব্যয় বিবরণী কেন করা হয়? ইহার বৈশিষ্ট্যসমূহ ব্যাখ্যা করুন।

(গ) মোট তৈরি ব্যয়, বিক্রীত পণ্যের ব্যয় এবং তৈরি পণ্যের ব্যয় এর পার্থক্যসমূহ কী?

(ঘ) যৌথ ব্যয় বণ্টন এর পদ্ধতিসমূহ ব্যাখ্যা করুন।

(ঙ) কনট্রাক্ট কস্টিং তৈরির পদ্ধতি উদাহরণসহ আলোচনা করুন।

৬। (ক) মান ব্যয় হিসাব কী? ইহা কেন তৈরি করা হয়?

(খ) কাঁচামাল ব্যয় এর বিভিন্ন ভেদাঙ্ক আলোচনা করুন।

(গ) শ্রম ব্যয় ভেদাঙ্ক কীভাবে দেখান হয়? ব্যাখ্যা করুন।

(ঘ) পরিবর্তনশীল ব্যয় ভেদাঙ্ক প্রদর্শনের প্রয়োজন উল্লেখ করুন।

(ঙ) "বাজেট এবং মান ব্যয় হিসাব একে অপরের পরিপূরক"—উদাহরণসহ ব্যাখ্যা করুন।

## নিরীক্ষা শাস্ত্র

(সকল প্রশ্নের উত্তর দিতে হবে)

মান—৫×৫=২৫

৭। (ক) নিরীক্ষা ঝুঁকি কী? ইহার মূল উপাদানসমূহ উদাহরণসহ ব্যাখ্যা করুন।

(খ) অভ্যন্তরীণ নিরীক্ষা এবং অন্তর্বর্তী নিরীক্ষার পার্থক্য নির্ণয় করুন। কোনটি অধিক গুরুত্বপূর্ণ? কেন?

(গ) পেশাগত অসদাচরণের জন্য নিরীক্ষক এর দায়গুলো বর্ণনা করুন।

(ঘ) ভুলত্রুটি ও জুয়াচুরির মধ্যে পার্থক্য লিখুন। উপযোগী উদাহরণ দেখান।

(ঙ) নিরীক্ষা প্রতিবেদন এর মূল উপাদানগুলো বর্ণনা করুন। উহা কেন তাৎপর্যপূর্ণ?

## আয়কর

(সকল প্রশ্নের উত্তর দিতে হবে)

মান—৫×৫=২৫

৮। (ক) কর ঘাত ও কর পাত এর পার্থক্য উদাহরণসহ ব্যাখ্যা করুন।

(খ) আয়কর নির্ধারণ এর ক্ষেত্রে আয়বর্ষ ও করবর্ষ এর গুরুত্ব আলোচনা করুন।

(গ) প্রত্যক্ষ কর ও পরোক্ষ কর এর মধ্যে পার্থক্য উদাহরণসহ দেখান।

(ঘ) জাতীয় রাজস্ব বোর্ড এর ক্ষমতা ও কার্যাবলি আলোচনা করুন।

(ঙ) অগ্রিম কর প্রদানের নিয়মাবলি ব্যাখ্যা করুন।